# জে এস সি পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা   বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

### [দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### ক অংশ — গদ্য

**১.▶** নবম শ্রেণির ছাত্র রিয়াদ শীতের ছুটিতে গ্রামের বাড়িতে বেড়াতে এলে একদিন সন্ধ্যায় বাড়ির পেছনের জঙ্গালে হাঁটছিল। শীতের সময় হওয়াতে গাছের পাতা জরে পড়েছিল সমস্ত জঙ্গালে। শুকনো পাতার উপর দিয়ে হাঁটার সময় এক অদ্ভূত শব্দ হচ্ছিল। হঠাৎ হালকা বাতাসে চারপাশে অদ্ভূত শব্দ তোলে। রিয়াদ ভাবে সন্ধ্যায় ভুতরা জঙ্গালে বেড়াতে বেড়িয়েছে। সে ভয়ে দৌড়ে তার মা এর কাছে গিয়ে ঘটনাটি খুলে বলে। তিনি হেসে বলেন, ভুত বলে কোনো কিছু নেই। এটি শুকনা পাতার আওয়াজ।

ক. ‘তৈলচিত্রের ভূত’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

খ. লাইব্রেরি সম্পর্কে নগেনের মামার বিশেষ আগ্রহ ছিল না কেন? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের রিয়াদের সাথে ‘তৈলচিত্রের ভূত’ গল্পের কোন চরিত্রকে ধারণা করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি কি ‘তৈলচিত্রের ভূত’ গল্পের সমগ্র ভাবকে ধারণ করে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

**২.▶** শুক্কুর মিয়া একজন অটো চালক। সারাদিন কঠোর পরিশ্রম করে দুমুঠো খাবার জোগাড় করেন। সবার সাথে তিনি খুব ভালোভাবে কথা বলেন। একদিন তিনি সারা দিনের কঠোর পরিশ্রম শেষে বাড়ি ফেরার পথে তার অটোতে একটি ব্যাগ পড়ে থাকতে দেখেন। তিনি বাড়ি এসে দেখেন ব্যাগে অনেক টাকা রয়েছে। অনেক ভাবনা চিন্তার পর তিনি পরদিন সকালে গোপনে পত্রিকা অফিসে গিয়ে একটি বিজ্ঞাপন দিয়ে আসেন এবং বলেন উপযুক্ত প্রমাণ দিয়ে নিয়ে যেতে। সেখানে তিনি তার মোবাইল নম্বরটিও দিয়ে আসেন। পরের দিন একজন এসে প্রমাণ দিয়ে ব্যাগটি নিয়ে যায়।

ক. কাপালিদের বাড়ি কোথায়? ১

খ. ‘তাঁর মুখ দিয়ে একটি কথাও বেরুল না।’— কার মুখ দিয়ে কেন কথা বেরুল না? ২

গ. উদ্দপিকে ‘পড়ে পাওয়া’ গল্পের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শুক্কুর মিয়া ‘পড়ে পাওয়া’ গল্পের মূল চেতনাকে ধারণ করে আছে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

**৩.▶** ঈদে গ্রামের বাড়ি বেড়াতে গিয়ে শুভ একটি টিয়া পাখি সংগ্রহ করে। টিয়া পাখিটির সৌন্দর্য তাকে মুগ্ধ করে। সারাদিন সে নাওয়া খাওয়া বাদ দিয়ে পাখিটিকে নিয়ে পড়ে থাকে। অনেক যত্নে পাখিটিকে সে লালন পালন করতে

Teachingbd24.com

থাকে সে। বাড়ির সকলে তার এই ধরনের আচরণে বিরক্ত হয়ে ওঠে। কিন্তু কারো কথাতেই কিছু মনে করে না শুভ। পাখিটিও শুভকে দেখলে আনন্দে ছটফট করে ওঠে। কিছুদিনের মাঝেই বাড়ির সবাই তাদের ভালোবাসার সম্পর্কের প্রশংসা করতে লাগল।

ক. 'অতিথির স্মৃতি' গল্পের পূর্ব নাম কী? ১

খ. 'মালি-বৌ চেঁচেপুঁচে নিয়ে গেছে'— কেন একথা বলা হয়েছে?— ব্যাখ্যা করো। ২

গ. শুভ এবং 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের আকাঙ্ক্ষায় কী পার্থক্য লক্ষ্য করা যায় আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপক ও গল্পের চরিত্রগুলোর মানসিকতার পার্থক্যই টিয়া ও অতিথির ভাগ্য নিরুপণ করে কি না যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — কবিতা

**৪.** ▶ পাগলা হাওয়ার বাদল-দিনে
পাগল মন আমার জেগে ওঠে
চেনা শোনার কোন বাইরে
যেখানে পথ নাই, নাই রে
সেখানে অকারণে ছুটে যায়।

ক. সিকি অর্থ কী? ১

খ. কানাই সবদোষ একাই মাথা পেতে নিয়েছিল কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'নদীর স্বপ্ন' কবিতার কোন চেতনার পরিচয় পাওয়া যায় বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'নদীর স্বপ্ন' কবিতার সমগ্র বিষয় বস্তুকে ধারণ করে না— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

**৫.** ▶ বন্যায় কুবের মাঝি চাষের জমি সহ সব সহায় সম্পত্তি হারিয়ে শুধু ভিটে বাড়ি আঁকড়ে ধরে বেঁচে ছিল। কিন্তু জীবিকার খোঁজে কিছুদিন পড়ে বেশ দুরের পথ পাড়ি দিল। মাস তিনেক বাইরে থাকার পর সে ফিরে এসে দেখে গ্রামের প্রভাবশালী অলিউল্লাহ তার ভিটেতে দোকান বসিয়েছে। সে ভিটে ফিরে পাওয়ার জন্য সব ধরনের চেষ্টা করে ব্যর্থ হলো।

ক. বাবু ছিপ হাতে কী করছিলেন? ১

খ. 'যত হাসো আজ যত করো সাজ ছিলে দেবী, হলে দাসী'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কুবের মাঝির বাড়ি দখলের সঙ্গে 'দুই বিঘা জমি' কবিতার কোন ঘটনার সাদৃশ্য রয়েছে বর্ণনা করো। ৩

ঘ. 'কিছু বৈসাদৃশ্য থাকলেও উদ্দীপকের অলিউল্লাহ ও 'দুই বিঘা জমি' কবিতার জমিদার উভয়ই একই দৃষ্টিভঙ্গির অধিকারী— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

**৬.** ▶ 'হালদা' সুমন সাহেবের শৈশবের স্মৃতি বিজড়িত খুব পছন্দের একটি নদী। নদীর স্রোতে যৌবনের প্রতীকের মত অসংখ্য পালতোলা নৌকা ছুটে যায়। আর নদীর পানিতে দৈনন্দিন কাজ সারে গাঁয়ের মেয়েরা। অসংখ্য নাম জানা আর না জানা পাখি নদীর কাছে আরে আর উড়ে যায়। নদীর দুধারে কাশফুলের সম্ভার। নদীটি সুমান সাহেবের এতই পছন্দের যে মৃত্যুর পর তিনি নৌকা, গাঁয়ের বধু, পাখি কিংবা কাশফুল হয়ে আবার হালদা নদীর কাছে ফিরে আসতে চান।

https://teachingbd24.com

ক. শিমুলের ডালে কী ডাকে? ১

খ. 'সবুজ করুণ ডাঙায়' বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২

গ. 'হালদা' নদীর সঙ্গে 'ধানসিঁড়ি' নদীর প্রাকৃতিক সৌন্দর্যের তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. 'আমারেই পাবে তুমি ইহাতের ভীরে'— উক্তিটি সুমন সাহেব ও জীবনানন্দ দাশের 'আবার আসিব ফিরে' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

## নির্মিতি অংশ—৩০

**৭. ভাবসম্প্রসারণ কর: (যেকোনো একটি)** ৫×১=৫

ক. লোভে পাপ, পাপে মৃত্যু।

খ. এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

**৮. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

**ক. সারাংশ লেখ:**

বিদ্যা অমূল্য সম্পদ, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু চরিত্র তার চেয়েও অধিকতর মূল্যবান। অতএব কেবল বিদ্বান বলেই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলে বিবেচিত হতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভাণ্ডার পূর্ণ করেও থাকে তবুও তার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। বিদ্যা আদরণীয় বিষয় হলেও বিদ্যা লাভের জন্য দুর্জন বিদ্বানের কাছে গমন বিধেয় নয়। কেননা, দুর্জনের সাহায্যে আপনার নিষ্কলুষ চরিত্রও কলুষিত হতে পারে।

**খ. সারমর্ম লেখ:**

কোথায় স্বর্গ, কোথায় নরক, কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনই মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনই পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

**৯. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

ক. মনে করো, তোমার নাম আজফার। তোমার ছোট ভাই মাসুদ। সে এবার জে এস সি পরীক্ষা দেবে। পরীক্ষার প্রস্তুতির জন্য প্রয়োজনীয় উপদেশ দিয়ে তার কাছে একটি পত্র লেখো।

খ. তোমার স্কুলে একটি 'বিজ্ঞান ক্লাব' গঠনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র রচনা করো।

**১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:** ১৫×১=১৫

ক. অধ্যবসায়

খ. পাঠাগারের প্রয়োজনীয়তা

গ. ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য।

Teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ৬ দফা আন্দোলনে কীসের দাবি ছিল?
ক) স্বাধীনতার দাবি খ) গণতন্ত্রের দাবি
গ) বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি
ঘ) স্বায়ত্তশাসনের দাবি

২. ধ্বনির অর্থপূর্ণ মিলনে গঠিত হয়—
ক) শব্দ খ) পদ
গ) বাক্য ঘ) ভাষা

৩. 'আমি তোর লাগি ফিরেছি বিবাগি'— পঙ্‌ক্তিটিতে 'বিবাগি' শব্দটি দ্বারা কোন অর্থ প্রকাশিত হয়েছে?
ক) অংশীদার খ) পাগল
গ) আশান্বিত ঘ) স্বার্থপর

৪. 'এ'-এর উচ্চারণ কত রকমের হয়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

৫. মাটির টেপা পুতুলগুলো কোন বৈশিষ্ট্যের?
ক) বাস্তবধর্মী খ) জীবন্তপ্রায়
গ) প্রতীকধর্মী ঘ) রূপকধর্মী

৬. 'শিরশ্ছেদ'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) শিরো + ছেদ খ) শিরোঃ + ছেদ
গ) শির + ছেদ ঘ) শিরঃ + ছেদ

৭. লেখকের বাড়িতে বাড়তি খাবারের প্রবল অংশীদার ছিল কে?
ক) মালিনী খ) কুকুর
গ) বামুন ঠাকুর ঘ) বাড়ির চাকররা

৮. আ + ও = ঔ (ৌ) এই নিয়মে সাধিত শব্দ কোনটি?
ক) জলৌকা খ) চিত্তৌদার্য
গ) মহৌষধ ঘ) মহৌষধি

৯. 'দুজনেই হঠাৎ ধার্মিক হয়ে উঠলাম' উক্তিটিতে কিশোরদের আচরণে ফুটে ওঠা দিকটি হলো—
i. ঐক্য চেতনা
ii. উন্নত মানবিকতাবোধ
iii. তীক্ষ্ণ বিবেচনাবোধ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. নিচের কোনটি 'আনি' প্রত্যয় যোগে স্ত্রীবাচক শব্দ হয়েছে?
ক) চাকরানি খ) চাকরানী
গ) কুমারনী ঘ) হরিণী

১১. 'দুই বিঘা জমি' কবিতাটি কোন কাব্য থেকে সংকলিত?
ক) গীতাঞ্জলি খ) সোনার তরী
গ) কথা ও কাহিনী ঘ) বলাকা

১২. কোন ভাষা বেশ সাবলীল, চটুল ও জীবন্ত?
ক) সাধুভাষা খ) কথ্য ভাষা
গ) আঞ্চলিক ভাষা ঘ) চলিত ভাষা

নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
রাতের আকাশে অনেক তারা দেখে আনন্দে আপ্লুত হয়ে পড়ে রাজিন। ছোট ভাই রাতিনকে বলল, আজ বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। রাতিন বলল, দুপুরে মেঘ থাকা সত্ত্বেও বৃষ্টি হয়নি।

১৩. উদ্দীপকের রাজিনের সাথে 'পড়ে পাওয়া' গল্পের কোন কিশোরের বিজ্ঞতার মিল খুঁজে পাওয়া যায়?
ক) কথক খ) নিধু
গ) বিধু ঘ) বাদল

১৪. উক্ত চরিত্রদ্বয়ের মিলের ভিত্তি হলো—
i. আবেগপ্রবণ
ii. বিজ্ঞ ও প্রতিনিধিত্বকারী
iii. বয়সে বড়

নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) ii ও iii ঘ) iii

১৫. 'অন্নী বলিব না এ দেহে রহিতে প্রাণ।' কে এই প্রতিজ্ঞা করেছিল?
ক) চৌহান খ) সংগ্রাম সিং
গ) দৌলত খাঁ ঘ) ইব্রাহিম লোদি

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. 'বিখ্যাত' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?
ক বিক্খাত খ বিক্খ্যাত
গ বিখ্যাতো ঘ বিক্খ্যাতো

১৭. 'জল'-এর বিভিন্ন অর্থ কোনগুলো?
ক তটিনী, বারি খ সলিল, পয়ঃ
গ পানি, নদী ঘ গাঙ, পানি

১৮. 'ভাবের সুরা পান করো ভাই, কিন্তু জ্ঞান হারাইও না।' জ্ঞান হারালে—
i. দেশের পতন হবে
ii. মনুষ্যত্বের পতন হবে
iii. মৃত্যু হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. আমাদের মনের সংকল্প নড়বড়ে হয়ে যায় কেন?
ক ব্যর্থতার ভয়ে খ লোক ভয়ে
গ আস্থাহীন বলে ঘ সময়ের অভাবে

২০. 'শিক্ষা' শব্দে যুক্ত ধ্বনি 'ক্ষ' কোন কোন ধ্বনির সমন্বয়ে গঠিত?
ক ক্ + ষ খ খ্ + খ
গ হ্ + ক ঘ ক্ + ষ

২১. বিভিন্ন অপভ্রংশ থেকে কী উৎপন্ন হয়েছে?
ক প্রাচীন ভারতীয় আর্যভাষা
খ আধুনিক ভারতীয় আর্যভাষা
গ অতি আধুনিক ভারতীয় আর্যভাষা
ঘ নব্য ভারতীয় আর্যভাষা

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:

আমি পাপাচার অতি দুরাচার
কি জানি তোমার করিতে সাধন
মায়ার কুহকে পড়িয়ে বিপাকে
ভুলে র'লাম মাগো তব শ্রীচরণ।

২২. উদ্দীপকে 'বঙ্গভূমির প্রতি' কবিতার কবির কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে?
ক সংকোচ খ অনুশোচনা
গ সংশয় ঘ সংকল্প

২৩. 'ভুলে র'লাম মাগো তব শ্রীচরণ'-এর সাথে মাইকেল মধুসূদন দত্তের যে মনোভাব সাযুজ্যপূর্ণ—
i. ঘটে যদি পরমাদ
ii. যাচিব যে তব কাছে
iii. সাধিতে মনের সাধ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

২৪. নিচের কোনটি কেবল পুরুষ বোঝায় না?
ক সভ্য খ কবিরাজ
গ স্ত্রৈণ ঘ বিপত্নীক

২৫. সানিল মামার বাড়ি খুলনায় বেড়ানোর পর ফুফুর বাড়ি ঝালকাঠিতে যায়। সানিল কোন নামের নদী দেখতে পাবে?
ক ধানসিঁড়ি খ তিস্তা
গ রূপসা ঘ মধুমতী

২৬. ভাষাকে কীসের বাহন বলা হয়?
ক ভাবের খ অন্তরের
গ ধ্বনির ঘ কাজের

২৭. লালনের কাছে কোন ধর্মই মূল কথা?
ক জাতধর্ম খ মনুষ্যধর্ম
গ সংসার ধর্ম ঘ জীবনের ধর্ম

২৮. নিচের কোনগুলো ওষ্ঠ্য বর্ণ?
ক ক খ গ ঘ ঙ খ ট ঠ ড ঢ ণ
গ ত থ দ ধ ন ঘ প ফ ব ভ ম

২৯. কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?
ক অ খ আ
গ ই ঘ ঔ

৩০. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
ক ৪টি খ ৬টি
গ ৭টি ঘ ১০টি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |

https://teachingbd24.com